



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/৩০(০২)/

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ৩০-০৬-২০১৫ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-১৫৩২) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে অত্র কলেজের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০১৮ ইং তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধি করা হ'ল। এর পরিশ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০১৯ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির সময়ে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমক্ষে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

১) **আবশ্যিক বিষয় সমূহ :** বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) **নৈর্বাচনিক বিষয় সমূহ :**

- ক) মানবিক বিভাগ : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইতিহাস, সমাজ বিজ্ঞান, ভূগোল, পরিসংখ্যান।
খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল
গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ, রসায়ন, জীব বিদ্যা, উচ্চতর গণিত।

শর্তাবলী :

- প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- কলেজে চতুরে ফলজ, বনজ ও গুণি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- কলেজে সীমানা প্রাচীর নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন করতে হবে।
- লাইব্রেরীতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ

নাসিরউদ্দীন বিশ্বাস মহাবিদ্যালয়

ডাক : বড়গাংদিয়া, দৌলতপুর, কুষ্টিয়া।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/৩০(০২)/ ২৪৭০(৭)/৫

তারিখ : ২৮/৭/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- অফিস নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।